



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/৫/৩৭৯

তারিখ : ২৮ জুন, ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর রেজিস্ট্রার দপ্তরের জন্য নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
০১	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০২(দুই)টি	৯৩০০-২২৪৯০/=
০২	গার্ড	০১(এক)টি	৮২৫০-২০০১০
০৩	গার্ডেনার	০২(দুই)টি	৮২৫০-২০০১০/=

### যোগ্যতা ও অভিজ্ঞতা :

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর :

ক) প্রার্থীকে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

গার্ড :

এসএসসি/সমমান পাস অথবা ৮ম শ্রেণী পাসসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

গার্ডেনার :

এসএসসি/সমমান পাস অথবা ৮ম শ্রেণী পাসসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ০১নং পদের জন্য ২০০/= (দুইশত) টাকা এবং ০২ ও ০৩নং পদের জন্য ১৫০(একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ১৮ জুলাই, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

(মুহাম্মদ ইশাফাকুল হোসেন)

রেজিস্ট্রার